

মধ্যবিত্ত ট্র্যাপ লিরিক্স:-

একটা গল্প বলছি শোনো,
কোন নতুন কিছু নয়।
ক্যাপিটালিস্ট এই সমাজে
বেঁচে থাকতে লাগে ভয়,
বেঁচে থাকতে লাগে টাকা
সেখানে বাড়ছে গ্যাপ।
তুমি এড়িয়ে চলতে শেখো
এই মধ্যবিত্ত ট্র্যাপ,
এই মধ্যবিত্ত ট্র্যাপ।

তুমি পড়াশোনা করে
একটা স্টেবল চাকরি চাও,
তাতে সপ্তাহের সাতদিনই
খেটে খেটে মরে যাও।
আর মাইনেও বাড়ে অল্প
জীবনটা লাগে ড্রেব,
তুমি এড়িয়ে চলতে শেখো
এই মধ্যবিত্ত ট্র্যাপ,
এই মধ্যবিত্ত ট্র্যাপ।

ও ভাইয়েরা বোনেরা,
ভাইয়েরা বোনেরা। (২)

তুমি ব্যাঙ্কে টাকা রাখলে
সেই টাকা কমে যায়,
চুপি চুপি মুদ্রাস্ফীতি
তার গাদা পেটি খায়।
তুমি লোন চাইতে গেলে
ওরা করবে দূর ছাই,
নীরব আদানি হলে
তোমায় বানাবে জামাই,
তোমায় বানাবে জামাই।

তোমার ডিগ্রি যতই থাকুক
আর মাইনেও হোক যতই,
তোমার পুঁজি তো হবে না
কোনো ব্যবসায়ীর মতো।
আর বিসনেসমেনের টিকি
বাঁধে রাজনৈতিক নেতা,
তবে নেতার চেয়েও বড়
ধর্মগুরুদের মাথা,
ধর্মগুরুদের মাথা।

ও ভাইয়েরা বোনেরা,
ভাইয়েরা বোনেরা (২)

মিডেল ক্লাসের স্বপ্ন
আমরা অল্প একটু চাই,
যেন পাশের ফ্ল্যাট-এর বন্ধার থেকে

অংকে বেশি পাই।
তোমার মূল্যবোধই আসল,
হারিয়ে ফেলো না।
তোমার পিঠ দেয়ালে ঠেকে,
আর সেইফ খেলো না,
আর সেইফ খেলো না।

ও ভাইয়েরা বোনেরা,
ভাইয়েরা বোনেরা (২)